দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 JUL 2016 ...
পৃষ্ঠা ৮৩ ... কলাম ১ ...

# গৌরীপুরে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লাঞ্ছিত

■ গৌরীপুর (ময়মনসিংহ) সংবাদদাতা

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে উপজেলার সিধলা ইউনিয়নের হাসনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জহিরুল ইসলাম আকন্দকে ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ হায়দার রশিদ মিলন চড়-থাপ্পড় দিয়ে লাঞ্ছিত করেছে। এছাড়া প্রধান শিক্ষককে নিজ কক্ষে আটকে এক ঘণ্টা তালা মেরে রাখে এ নেতা।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জহিরুল ইসলাম আকন্দ জানান, বৃহস্পতিবার সকালে সিধলা ইউনিয়নের হাসনপুর গ্রামের মৃত আব্দুর রশিদ মাস্টারের পুত্র ও আওয়ামী লীগ নেতা মোঃ হায়দার রশিদ প্রধান শিক্ষকের কক্ষে এসে ম্যানেজিং কমিটি করার নির্দেশ দেন। এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে বলায় একপর্যায়ে বাকবিতণ্ডা শুরু হয়। এরপর প্রধান শিক্ষককে প্রথমে বাঁশ দিয়ে পরে ইট দিয়ে মাথা থেঁতলে দেওয়ার চেষ্টা করা হয়। সহকারী শিক্ষকরা বাধা দেওয়ায় চড়, থাপ্পড় ও কিল-ঘুষি মারতে থাকে এবং শার্টের কলার ধরে টানাহেঁচড়া করায় বোতাম ছিঁড়ে যায়। পরে সহকারী শিক্ষকদের বের করে তাকে তালাবদ্ধ করে রাখে।

শিক্ষকের ওপর হামলার ঘটনাটি এলাকায় ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ এলাকাবাসী, ছাত্রছাত্রী, অভিভাবক ও উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা জমায়েত হয়ে এ ঘটনার তীব্র নিন্দা জানান।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মর্জিনা আক্তার জানান, সেখানে পুলিশ প্রেরণ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।